বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়,কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০

ফোন ঃ ৯৫৭৪০২৫
ঃ ৯৫৬০০৩১-৩৫/২৫০

## শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

নং-প্রকা/শানিব্যউবি-১(২১)/২০১৭-২০১৮/৬৭৬(১২৫০) তারিখঃ ১৮/০১/২০১৮

০১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক
০২। মহাব্যবস্থাপক,স্থানীয় মুখ্য কার্যালয়,ঢাকা।
০৩। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
০৪। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
০৫। সকল শাখা ব্যবস্থাপক(মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক

বিষয়ঃ ঢাকা আহ্ছানিয়া মিশন ক্যান্সার হাসপাতাল লটারী/২০১৮ এর টিকিট বিক্রয় প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

আহ্ছানিয়া মিশন ক্যান্সার হাসপাতাল পরিচালনার জন্য তহবিল সংগ্রহের উদ্দেশ্যে নিম্নোক্ত শর্তে বাংলাদেশ কৃষি ব্যাংকের মাধ্যমে লটারীর টিকিট বিক্রয়ের নিমিত্তে ৫০,০০০(পঞ্চাশ হাজার)টিকেট সরবরাহ করা হয়েছেঃ-

(ক) প্রতিটি টিকিটের মূল্য ১০.০০(দশ) টাকা মাত্র।
(খ) টিকিট বিক্রয়লব্ধ অর্থের উপর ৩০% হারে কমিশন দেয়া হবে।
(গ) লটারী টিকিট বিক্রয় শুরু ১৪-০১-২০১৮ থেকে ২৭-০২-২০১৮ তারিখ পর্যন্ত এবং অবিক্রিত টিকিট ০৩-০৩- ২০১৮ তারিখের মধ্যে পুবালী ব্যাংক প্রিন্সিপাল অফিসে ফেরত দিতে হবে।
(ঘ) আগামী ১০-০৩-২০১৭ তারিখে লটারী ড্র অনুষ্ঠিত হবে।
(ঙ) কমিশন বাদে টিকিট বিক্রয়লব্ধ অর্থ পে-অর্ডার/ডিডির মাধ্যমে "Ahsania Mission Cancer Hospital Lottery Fund" ৩৫৫৫৯০১০৩৮৪৭৩ এ পূবালী ব্যাংক লিঃ, ২৬ দিলকুশা বা/এ, ঢাকাস্থ প্রিন্সিপাল ব্রাঞ্চ অফিসে প্রেরণ করতে হবে।
(চ) টিকিট বিক্রয়ের কমিশন বিক্রয়লব্ধ অর্থ হতে প্রদত্ত হবে এবং সরকার নির্ধারিত ভ্যাট প্রদান কমিশন গ্রহীতার উপর প্রযোজ্য হবে।

০৩। টিকিট বিক্রয় ও হিসাব পদ্ধতি ঃ

(ক) শাখাসমূহের করণীয় ঃ

(১) মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় হতে লটারী টিকিট পাওয়ার সাথে সাথে সার্বাত্নক প্রচেষ্টা গ্রহনের মাধ্যমে সমুদয় টিকিট বিক্রয় করে এ খাত হতে সর্বোচ্চ পরিমাণ কমিশন আয় অর্জন নিশ্চিত করতে হবে।
(২) প্রতিটি শাখা একটি রেজিষ্টারে তারিখওয়ারী লটারী টিকিট বিক্রয়ের হিসাব সংরক্ষণ করবে।
(৩) টিকিট বিক্রয়লব্ধ অর্থের ১৫% বিক্রেতা কর্মকর্তা/কর্মচারীর কমিশন কেটে রেখে বাকী অর্থ শাখার ৪১ প্রদেয় হিসাব ১০ বিবিধ খাতে জমা করতে হবে।
(৪) সকল টিকিট বিক্রয় করার জন্য সর্বাত্নক প্রচেষ্টা গ্রহণ করতে হবে যাতে কোন টিকিট অবিক্রিত না থাকে। সর্বশেষ তারিখ ২৭/০২/২০১৮ শেষে বিক্রয়লব্ধ অর্থ হতে শাখার ৩০% কমিশন কেটে রেখে বাকী অর্থের ১টি মাত্র পুনশ্চঃ ১টি মাত্র ক্রেডিট এ্যাডভাইস ১১৫ বিকেবি, আঞ্চলিক হিসাবে অঞ্চলের প্রধান শাখার উপর ইস্যু করে শাখা কর্তৃক তাদের স্ব-স্ব মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করতে হবে।
(৫) কর্পোরেট শাখা সর্বশেষ তারিখ ২৭-০২-২০১৮ শেষে বিক্রয়লব্ধ অর্থ হতে ৩০% কমিশন কেটে রেখে বাকী অর্থের ১টি মাত্র পুনশ্চঃ ১টি মাত্র ক্রেডিট এ্যাডভাইস সরাসরি স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকার উপর ইস্যু ও প্রেরণ নিশ্চিত করবে।
(৬) শাখার ১৫% কমিশনের টাকা ৪৬ আয়-১৩ বিবিধ খাতে জমা করতে হবে।
(৭) সরকার নির্ধারিত ভ্যাট প্রদান কমিশন গ্রহীতার উপর প্রযোজ্য হবে।
(৮) কোন শাখা উপরোক্ত পদ্ধতি অবলম্বনে ব্যর্থ হলে তার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট শাখাকেই বহন করতে হবে।

(খ) মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের করণীয় ঃ

(১) বিভাগীয় কার্যালয় হতে বরাদ্দকৃত লটারীর টিকিট পাওয়ার সাথে সাথেই বিক্রয়ের সম্ভাব্যতা অনুযায়ী শাখাসমূহের মধ্যে বন্টন করে দিতে হবে।
(২) অঞ্চলাধীন সকল শাখা থেকে প্রাপ্ত এ্যাডভাইসগুলো একীভূত করে অঞ্চলের প্রধান শাখায় জমা দিয়ে অঞ্চলাধীন শাখার টিকিট বিক্রয়লব্ধ অর্থের ১টি মাত্র ক্রেডিট এ্যাডভাইস ১১১৪ বিকেবি, সাধারণ হিসাবের মাধ্যমে এলপিও এর উপর জারী করে নীচে প্রদত্ত ছকে মুখ্য অঞ্চল/অঞ্চলের জন্য একটি সমন্বিত প্রতিবেদনসহ ০১/০৩/২০১৮ তারিখের মধ্যে এলপিও বরাবরে জিইপি/কুরিয়ার সার্ভিসযোগে প্রেরণ করতে হবে।
(৩) কোন অবস্থাতেই মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়গুলি একাধিক এ্যাডভাইস প্রেরণ করবে না,অধীনস্থ সকল শাখার এ্যাডভাইস সংগ্রহপূর্বক একটি ক্রেডিট এ্যাডভাইস এলপিও-তে প্রেরণ করতে হবে।
(৪) শাখা থেকে প্রাপ্ত প্রতিবেদনের কপি এলপিও বা অন্য বিভাগে প্রেরণের প্রয়োজন নেই।
(৫) কর্পোরেট শাখাসমুহকেও নিম্নে প্রদত্ত ছকে একটি প্রতিবেদন ০১/০৩/২০১৮ তারিখের মধ্যে এলপিও বরাবরে জিইপি/কুরিয়ার সার্ভিসযোগে প্রেরণ নিশ্চিত করতে হবে।

মুখ্য অঞ্চল/অঞ্চল/শাখার নাম ঃ ছক

| ক্রঃ নং | টিকিটের সিরিজ নং | বরাদ্দকৃত টিকিটের নং | | বরাদ্দকৃত টিকিটের সংখ্যা | বিক্রিত টিকিটের সংখ্যা | এ্যাডভাইসে উল্লেখিত টাকার পরিমান | অবিক্রিত টিকিটের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | হতে | পর্যন্ত | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| | | | | | | | | |

চলমান পাতা-২

F/Altaf/LotteryTicket-1

০৪। স্থানীয় মুখ্য কার্যালয়সহ বিভাগীয় কার্যালয়ে লটারীর টিকিটের বরাদ্দ নীচে দেয় হলো। বিভাগীয় কার্যালয়সমূহ বরাদ্দকৃত টিকিট অঞ্চলওয়ারী বন্টণ করে অঞ্চলসমূহে দ্রুততার সাথে সরবরাহ করার ব্যবস্থা গ্রহণ করবে।

বিভাগওয়ারী লটারীর টিকিট বরাদ্দ

| ক্রমিক নং | বিভাগের নাম | সিরিজ | সিরিজ সংখ্যা | বরাদ্দকৃত টিকিট | | টিকেটের সংখ্যা | মোট বরাদ্দ টিকেট |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | হতে | পর্যন্ত | | |
| ০১ | কুষ্টিয়া | ক-এঃ | ১০টি | ১০১০০১ | ১০১৫০০ | ৫০০ X১০ | ৫০০০ |
| ০২ | ময়মনসিংহ | ক-এঃ | ১০টি | ১০১৫০১ | ১০২০০০ | ৫০০ X১০ | ৫০০০ |
| ০৩ | কুমিল্লা | ক-এঃ | ১০টি | ১০২০০১ | ১০২৫০০ | ৫০০ X১০ | ৫০০০ |
| ০৪ | বরিশাল | ক-এঃ | ১০টি | ১০২৫০১ | ১০৩০০০ | ৫০০ X১০ | ৫০০০ |
| ০৫ | চট্টগ্রাম | ক-এঃ | ১০টি | ১০৩০০১ | ১০৩৫০০ | ৫০০ X১০ | ৫০০০ |
| ০৬ | সিলেট | ক-এঃ | ১০টি | ১০৩৫০১ | ১০৪০০০ | ৫০০ X১০ | ৫০০০ |
| ০৭ | ফরিদপুর | ক-এঃ | ১০টি | ১০৪০০১ | ১০৪৫০০ | ৫০০ X১০ | ৫০০০ |
| ০৮ | খুলনা | ক-এঃ | ১০টি | ১০৪৫০১ | ১০৫০০০ | ৫০০ X১০ | ৫০০০ |
| ০৯ | ঢাকা | ক-এঃ | ১০টি | ১০৫০০১ | ১০৫৯৫০ | ৯৫০ X১০ | ৯৫০০ |
| ১০ | এলপিও | ক-এঃ | ১০টি | ১০৫৯৫১ | ১০৬০০০ | ৫০ X১০ | ৫০০ |
| | | | | | | সর্বমোটঃ | ৫০,০০০ |

০৫। বিভাগীয় মহাব্যবস্থাপকগণ স্থানীয় মুখ্য কার্যালয় থেকে কুরিয়ার সার্ভিসের মাধ্যমে প্রাপ্ত বরাদ্দকৃত টিকিট বিক্রয়ের সম্ভাব্যতা অনুযায়ী তাঁদের আওতাধীন কর্পোরেট শাখাসমূহসহ মুখ্য অঞ্চল আঞ্চলসমূহে বন্টণ ও সরবরাহ করবেন এবং অঞ্চলওয়ারী বন্টনের একটি কপি স্থানীয় মুখ্য কার্যালয়ে প্রেরণ করবেন। স্থানীয় মুখ্য কার্যালয় উপরোক্ত বরাদ্দ অনুযায়ী বরাদ্দকৃত টিকিট কুরিয়ার সার্ভিসের মাধ্যমে বিভাগীয় কার্যলয়সমূহ প্রেরণ নিশ্চিত করবে। এছাড়াও স্থানীয় মুখ্য কার্যালয় সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় ও কর্পোরেট শাখা থেকে প্রাপ্ত টিকিট বিক্রয়লব্ধ সমূদয় অর্থ আগামী ০৪/০৩/২০১৮ তারিখে পে-অর্ডার/ডিডির মাধ্যমে "Ahsania Mission Cancer Hospital Lottery Fund" ৩৫৫৫৯০১০৩৮৪৭৩ এ পূবালী ব্যাংক লিঃ, ২৬ দিলকুশা বা/এ, ঢাকাস্থ প্রিন্সিপাল ব্রাঞ্চ অফিসে প্রেরণ করতে হবে।

০৬। অবিক্রিত টিকিট ফেরত প্রধান ঃ

অবিক্রিত টিকিট (যদি থাকে)(ক)শাখাসমূহ ২৮/০২/২০১৮ তারিখের মধ্যে (বিক্রয়লব্ধ অর্থের ক্রেডিট এ্যাডভাইসসহ) মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করবে। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় শাখা থেকে প্রাপ্ত অবিক্রিত টিকিটসমূহ ০১/০৩/২০১৮ তারিখের মধ্যে বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করবে। (খ) কর্পোরেট শাখাসমুহ সরাসরি তাদের অবিক্রিত টিকিট(যদি থাকে) ০১/০৩/২০১৮ তারিখের মধ্যে বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করবে। (গ) বিভাগীয় কার্যালয় ০৩/০৩/২০১৮ তারিখের মধ্যে সকল অবিক্রিত টিকিট স্থানীয় মুখ্য কার্যালয়ে ফেরত প্রদান নিশ্চিত করবে। (ঘ) স্থানীয় মুখ্য কার্যালয় সর্বশেষ ০৪/০৩/২০১৮ তারিখের মধ্যে অবিক্রিত টিকিট এবং টিকিট বিক্রয়লব্ধ অর্থ পে-অর্ডার/ডিডির মাধ্যমে "Ahsania Mission Cancer Hospital Lottery Fund" ৩৫৫৫৯০১০৩৮৪৭৩ এ পূবালী ব্যাংক লিঃ, ২৬ দিলকুশা বা/এ, ঢাকাস্থ প্রিন্সিপাল ব্রাঞ্চ অফিসে প্রেরণ করতে হবে। উক্ত নির্ধারিত তারিখের মধ্যে অবিক্রিত টিকিট ফেরত দেয়া না হলে সরবরাহকৃত সমূদয় টিকিট বিক্রয় হয়েছে বলে গণ্য হবে।

০৭। এই টিকিট বিক্রয়ের মাধ্যমে ব্যাংকের বিবিধ আয় বাড়ানোর সুযোগ রয়েছে। সুতরাং বরাদ্দকৃত টিকিট বিক্রয়ের কাজে নিয়োজিত সকল কর্মকর্তা/কর্মচারীকে সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণ করে নির্ধারিত সময়ের মধ্যে সকল টিকিট বিক্রয়পূর্বক তা থেকে কমিশন বাবদ সর্বোচ্চ পরিমাণ আয় অর্জনের পরামর্শ দেয়া যাচ্ছে।

আপনার বিশ্বস্ত,

অনুমোদনক্রমে-

(মোঃ মিজানুর রহমান)
উপ মহাব্যবস্থাপক
তারিখঃ ১৮/০১/২০১৮

নং-প্রকা/শানিব্যউবি-১(২১)/২০১৭-২০১৮/৬৭৬(১২৫০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক -১, ২ ও ৩ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। মহাব্যবস্থাপক ও অধ্যক্ষ, স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, মিরপুর, ঢাকা।
৫। সচিব/সকল উপ-মহাব্যবস্থাপক,বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। আইসিটি সিস্টেমস বিভাগকে উপরোক্ত পত্রটি বিকেবি,ওয়েব-সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
৬। জনাব সৈয়দ মুস্তাফীজুর রহমান, উপদেষ্টা, ঢাকা আহ্ছানিয়া মিশন ও বাংলাদেশ সরকারের সাবেক অতিরিক্ত সচিব প্রধান কার্যালয়ঃ বাড়ী নং-১৯, সড়ক নং-১২, ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকা-১২০৯।
৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৯। নথি/মহানথি।

( মোঃ জাকারিয়া )
সহকারী মহাব্যবস্থাপক

F/Altaf/LotteryTicket-1